দৈনিক বাংলা

তারিখ ১০।১০।৮০

পৃষ্ঠা ... কলাম ...

# সাহিত্যে পোলিশ কবির নোবেল পুরস্কার লাভ

স্টকহোম, ৯ই অক্টোবর (রয়টার)।—লিথুয়ানিয়ায় জন্মগ্রহণকারী পোলিশ কবি জেশল মিলোজকে ১৯৮০ সালের জন্য সাহিত্যে নোবেল পুরস্কার দেয়া হয়েছে। নোবেল পুরস্কার কমিটি আজ একথা ঘোষণা করেন।

তার কবিতায় বিংশশতাব্দীর বিভীষিকা প্রতিফলিত হয়েছে বলেই তাকে পুরস্কারের জন্য মনোনীত

(শেষ পৃ, ৪-এর কঃ দ্রঃ)

করা হয়।

মিঃ মিলোজ ফোনে জানান, 'পোল্যান্ডে আমার জন্ম। পোল্যান্ড নাজীদখলে থাকাকালে আমি অনেক কবিতাই লিখেছি।'

'বিংশ শতাব্দীর বিভীষিকা আমার কবিতায় প্রতিফলিত হওয়াতেই আমাকে এ সম্মান দেয়া হয়েছে।'

এ পুরস্কারের মূল্য আট লাখ ৮০ হাজার সুইডিশ ক্রোণার।

১৯১১ সালে তিনি পোল্যান্ডে জন্মগ্রহণ করেন। তিনি বিবাহিত। তার দুটি ছেলে আছে। বর্তমানে তিনি কালিফোর্নিয়ার বার্কলে বিশ্ববিদ্যালয়ে পোলিশ ভাষায় অধ্যাপনা করছেন।